গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.dae.bhurungamari.kurigram.bd

কৃষিইসমৃদ্ধি

ভূরুঙ্গামারী উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মার্চ/২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শাহাদাৎ হোসেন<br>উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিসকক্ষ। |
| সভার তারিখ | : | ০২ /০৩/২০২৫খ্রিঃ |
| সময় | : | দুপুর ২:০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট "ক" তে বর্ণিত। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি অত্র উপজেলাকে সভা পরিচালনার আহ্বান জানান।

১। উপজেলা কৃষি অফিসার সভায় কৃষি প্রণোদনা/পুনর্বাসন বাস্তবায়ন নীতিমালা পাঠ করে শোনান এবং সকলকে অবগত করেন যে, সরকারি আদেশ নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.৫৯ তাং-১০/০২/২০২৬ খ্রি. এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুড়িগ্রাম এর স্বারক নং-১২.১৭.৪৯০০.০৩৯.০৮.০৪৬.২৬.২২৯(৩২) তারিখ-২২/০২/২০২৬ খ্রিঃ মোতাবেক ভূরুঙ্গামারী উপজেলায় ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য- কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় পেঁয়াজ সংরক্ষণ এয়ার ফ্লো মেশিন এর জন্য ০৩ জন কৃষকের বরাদ্দ পাওয়া গিয়েছে।

সিদ্ধান্তঃ বরাদ্ধকৃত পেঁয়াজ সংরক্ষণ এয়ার ফ্লো মেশিন বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

২। উপস্থিত সদস্যগণের ঐকমত্য ও ইউনিয়ন পর্যায়ে বরাদ্দ বিভাজনের পূর্বে সম্মানীত উপজেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার,ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের পরামর্শ গ্রহণ করা হয় এবং উপজেলার জন্য প্রাপ্ত বরাদ্দ সম্পর্কে আলাপ আলোচনান্তে ইউনিয়নে চাষের উপযোগিতা অনুসারে কৃষকগণকে প্রণোদনার আওতায় নিম্নবর্ণিতভাবে বিভাজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

উপযোগিতার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বিভাজনঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মেশিনের নাম ও ইউনিয়ন প্রতি বরাদ্দের পরিমাণ (টি) | সর্বমোট |
|---|---|---|---|
| | | পেঁয়াজ সংরক্ষণ এয়ার ফ্লো মেশিন | |
| ১ | বলদিয়া | ০১ | ০১ |
| ২ | তিলাই | ০১ | ০১ |
| ৩ | জয়মনিরহাট | ০১ | ০১ |
| সর্বমোট= | | ০৩ | ০৩ |

৩। প্রতি কৃষক নিম্নরূপ উপকরণ পাবেন -

উপকরণ সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | মেশিনের নাম | ০১ জন কৃষক যা পাবেন (টি) |
|---|---|---|
| | | মেশিন (টি) |
| ০১ | পেঁয়াজ সংরক্ষণ এয়ার ফ্লো মেশিন | ০১ |

৪। উপরোক্ত বিভাজন মোতাবেক সংশ্লিষ্ট ব্লক/ইউনিয়নের উপসহকারী কৃষিকর্মকর্তাগন পেঁয়াজ সংরক্ষনে আগ্রহী এবং ঘরের ৪ টি দেয়াল ও মাঁচা তৈরির সক্ষমতা রয়েছে এমন কৃষক নির্বাচন করতঃ কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি উক্ত অগ্রাধিকার তালিকা জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবেন। একজন কৃষককে প্রণোদেনার আওতায় একটি মেশিনের বেশি প্রনোদনা সহায়তা করা যাবে না। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না। অতঃপর অনুমোদিত অগ্রাধিকার তালিকা হতে রোড ম্যাপ বা নির্দেশনা অনুসারে এ কর্মসুচি বাস্তবায়িত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।

৫। এয়ার ফ্লো মেশিনের বৈশিষ্ট্য : ক) উচ্চতা: ১৮৩০ মি.মি; খ) ডায়ামিটার: ৪০০ মি.মি. গ) স্টীল সীট : ২০ গ্যাজ; ঘ) হেড সাইজ: ৪৮০ মি.মি ঙ) ফ্যান: চায়না; স্পিড-২৬০০-২৮০০ আরপিএম,২২০ ভোল্ট,৩০০-৩৫০ ওয়াট,ফ্যানবক্স ১৬ ইঞ্চি ডায়ামিটার;ব্লেড ১৪ ইঞ্চি(নুন্যতম) সংখ্যা(৪-৫টি),এয়ার ফ্লো ৯-১১ মিটার/সেকেন্ড চ) টাইমার(অটোমেটিক) সুইচ এবং অন্যান্য আনুষাঙ্গিক সামগ্রী মানসম্পন্ন; ছ)সংরক্ষণ ক্ষমতা নূন্যতম ১২ মেট্রিক টন ।

৬। অত্র প্রণোদনা কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একজন কৃষককে ০১(এক) টি পেঁয়াজ সংরক্ষণ এয়ার ফ্লো মেশিন সহায়তা পাবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৭। উপজেলা কৃষি অফিসার সভাকে অবগত করেন যে, সচিবালয়ের নির্দেশমালা অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA'2006 ও PPR'2025 অনুসরণপুর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করা হবে ।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপজেলা প্রশাসক ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় পেঁয়াজ সংরক্ষণ এয়ার ফ্লো মেশিন যথাযথ ব্যবহারে সংশ্লিষ্ট সকলসদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শাহাদাৎ হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং ১২.১৮.৪৯০৬.০০০.০৪১.৪০.০০৪০.১৯-২২৯(৭) তারিখঃ ০২/০৩/২০২৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো -
০১। জেলা প্রশাসক ও সভাপতি,জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি,কুড়িগ্রাম।
০২। উপপরিচালক, ডিএই, কুড়িগ্রাম।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৪। উপজেলা প্রাণিসম্পদ আফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৪। কৃষি সম্প্রসারণ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৫। উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৮। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৯। উপ সহকারী কৃষিকর্মকর্তা (সকল) ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(মোঃ আব্দুল জব্বার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পূনর্বাসনও বাস্তবায়ন কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।